অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/8/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL সারাটোগা স্প্রিংসে 98-ইউনিটের সাশ্রয়ী মূল্যের আবাসন প্রকল্পের নির্মাণ কাজ শুরুর ঘোষণা দিয়েছেন

কর্মজীবী প্রাপ্তবয়স্ক এবং পরিবারদের লক্ষ্য করে সারাটোগা স্প্রিংস হাউজিং অথরিটি কমপ্লেক্সের নির্মাণ কাজ শুরু হচ্ছে

গভর্নর Hochul (হোকল) আজ স্প্রিংস ওয়েস্ট অ্যাপার্টমেন্টে নির্মাণ কাজ শুরুর ঘোষণা দিয়েছেন যা শেষ হলে সারাটোগা স্প্রিংস হাউজিং অথরিটি (Saratoga Springs Housing Authority, SSHA)-এর অধীনে 98-ইউনিটের সাশ্রয়ী মূল্যের আবাসন প্রকল্প বাস্তবায়িত হবে। 43 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পের আওতায় সারাটোগা কাউন্টির সারাটোগা স্প্রিংস সিটিতে অ্যালেন ড্রাইভে ছয়টি নতুন ভবন নির্মাণ করা হবে। গত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) ক্যাপিটাল অঞ্চলে প্রায় 6,000 সাশ্রয়ী মূল্যের বাড়িতে অর্থায়ন করেছে। স্প্রিংস ওয়েস্ট অ্যাপার্টমেন্টস (Springs West Apartments) এই প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যাচ্ছে এবং গভর্নর Hochul (হোকল)-এর 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছর-মেয়াদী আবাসন পরিকল্পনাকে সম্পূর্ণ করছে যার লক্ষ্য হলো পুরো স্টেট ব্যাপী 100,000 সাশ্রয়ী মূল্যের বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করা।

"সারাটোগা স্প্রিংস দীর্ঘদিন ধরেই বাসিন্দা ও পর্যটকদের নিকট একটি সমৃদ্ধ সিটি হিসেবে পরিচিত, তাই আমাদের নিশ্চিত করতে হবে যে কর্মজীবী পরিবারগুলোর জন্য বাসস্থান খুঁজে পাওয়া যেন কঠিন কোনো কাজ না হয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "স্প্রিংস ওয়েস্টে নতুন ভবন এবং 98টি নতুন অ্যাপার্টমেন্ট হলো নিউ ইয়র্ক জুড়ে সাশ্রয়ী, নিরাপদ এবং আধুনিক আবাসনের যোগান বাড়ানোর প্রতি আমার অঙ্গীকারের একটি চমৎকার দৃষ্টান্ত। প্রো-হাউজিং কমিউনিটি হিসেবে কিভাবে কাজ করতে হয় তা দেখানোর জন্য সারাটোগা স্প্রিংসের আমাদের সহযোগীদের ধন্যবাদ।"

স্প্রিংস ওয়েস্ট এমনভাবে নির্মাণ করা হয়েছে যাতে কর্মজীবী প্রাপ্তবয়স্ক ও পরিবার—দুই ধরনের মানুষই এখানে থাকতে আগ্রহী হয়। সাইটের পুরানো ভবনগুলো ভেঙে ফেলা হয়েছে এবং সেগুলোর জায়গায় ছয়টি নতুন ভবন নির্মাণ করা হবে যার মধ্যে 98টি অ্যাপার্টমেন্ট থাকবে, যেগুলোর মধ্যে প্রায় অর্ধেকই হবে দুই এবং তিন বেডরুমের ইউনিট। সব অ্যাপার্টমেন্ট এমন পরিবারগুলোর জন্য সংরক্ষিত থাকবে যারা এরিয়া মিডিয়ান ইনকামের 80 শতাংশ পর্যন্ত উপার্জন করে।

বিকন কমিউনিটিজ এবং সারাটোগা স্প্রিংস হাউজিং অথরিটি কর্তৃক উন্নত স্প্রিংস ওয়েস্ট অ্যাপার্টমেন্টে বিদ্যুৎ-সাশ্রয়ী সুবিধা থাকবে, যার মধ্যে রয়েছে বৈদ্যুতিক তাপ ও শীতলকরণ ব্যবস্থা, তাপীয় নিরোধক, বিদ্যুৎ-সাশ্রয়ী জানালা, LED লাইটিং এবং আধুনিক প্লাম্বিং। নতুন এই উন্নয়ন প্রকল্পে একটি নতুন খেলার মাঠ অন্তর্ভুক্ত থাকবে এবং এটি স্কুল, সুপারমার্কেট, স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান এবং খুচরা ব্যবসার কাছাকাছি অবস্থিত। I-87 থেকে সহজে অ্যাক্সেস করা যায় এবং এর কাছাকাছি বাস ও ট্রেন পরিষেবা পাওয়া যায়।

স্প্রিংস ওয়েস্ট অ্যাপার্টমেন্টস নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) ফেডারেল ও স্টেট লো ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট (Federal and State Low Income Housing Tax Credit Programs) প্রোগ্রামের মাধ্যমে সমর্থিত যা প্রায় 21.8 মিলিয়ন মার্কিন ডলারের ইকুইটি, 20.8 মিলিয়ন মার্কিন ডলারের ট্যাক্স-মুক্ত বন্ড, হাউজিং ফাইন্যান্স এজেন্সির নিউ কনস্ট্রাকশন ক্যাপিটাল প্রোগ্রাম এবং মিডল ইনকাম হাউজিং প্রোগ্রাম থেকে 10.9 মিলিয়ন মার্কিন ডলারের ভর্তুকি এবং স্টেট অব নিউ ইয়র্ক মর্টগেজ এজেন্সি থেকে 7.5 মিলিয়ন মার্কিন ডলারের ফার্স্ট মর্টগেজ পেতে সক্ষম হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। সারাটোগা স্প্রিংস সিটি করের পরিবর্তে অর্থ প্রদানের একটি চুক্তি সম্পন্ন করেছে এবং প্রকল্পের সংশ্লিষ্ট অনুমতি ও অবকাশ যাপনের খরচের যোগান দিয়েছে। ট্যাক্স ক্রেডিট ইকুইটি Key Community Development Corporation কর্তৃক সিন্ডিকেট করা হয়েছিল। কী ব্যাংক এন.এ. (Key Bank N.A.), একটি মর্টগেজ লেটার অব ক্রেডিট প্রদান করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রূথ অ্যান ভিসনাউকাস (RuthAnne Visnauska) বলেন, "এই 43 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি ডাউনটাউন সারাটোগা স্প্রিংস-এর জন্য অত্যন্ত প্রয়োজনীয় একটি কর্মীবান্ধব আবাসন বিনিয়োগ। প্রায় 100টি আধুনিক, পরিবার-বান্ধব এবং বিদ্যুৎ-সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট নিয়ে স্প্রিংস ওয়েস্ট নিউ ইয়র্ক জুড়ে আবাসন সুযোগ বৃদ্ধির জন্য গভর্নর Hochul (হোকল)-এর প্রতিশ্রুতির একটি প্রধান উদাহরণ। প্রো হাউজিং কমিউনিটি হিসেবে সার্টিফায়েড হওয়ায়, আমরা সারাটোগা স্প্রিংস সিটি এবং হাউজিং অথরিটিকে ধন্যবাদ জানাই—তারা আমাদের সঙ্গে সাশ্রয়ী, আধুনিক এবং টেকসই আবাসনের সুযোগ বাড়ানোর লক্ষ্যে একযোগে কাজ করছেন।"

সিনেটর চাক শুমার বলেন, "সারাটোগার প্রতিটি পরিবার একটি নিরাপদ ও সাশ্রয়ী বাড়ি পাওয়ার অধিকার রাখে যেটিকে তারা নিজের বাড়ি বলে ডাকতে পারে। আমি গর্বিত যে, আমি যেই ফেডারেল লো-ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট সংগ্রহ ও সম্প্রসারণে কঠোর পরিশ্রম করেছি তা এখন স্প্রিংস ওয়েস্ট অ্যাপার্টমেন্টে প্রায় 100টি নতুন ঘর নির্মাণের জন্য লক্ষ লক্ষ মার্কিন ডলার এনে দিয়েছে। আবাসনের উচ্চ মূল্য মুদ্রাস্ফীতির একটি মুখ্য চালক তাই এইসব উচ্চ মূল্য হ্রাস করতে কর্মজীবী মানুষের জন্য আমাদেরকে অবশ্যই আরো আবাসন নির্মাণ করতে হবে। আমি ক্যাপিটাল রিজিয়ন এবং সারা নিউ ইয়র্কে সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগ বৃদ্ধির জন্য গভর্নর HOCHUL (হোকল)-এর প্রচেষ্টার প্রশংসা করি এবং আমি প্রত্যেক নিউ ইয়র্কবাসীর মাথার উপর একটি ছাদ নিশ্চিত করতে ফেডারেল রিসোর্স সরবরাহে আমার কাজ অব্যাহত রাখব।"

প্রতিনিধি Paul Tonko (পল টোঙ্কো) বলেন, "এই উদ্যোগটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ যাতে আমাদের রাজধানী অঞ্চলের প্রতিটি পরিবার নিরাপদ ও সাশ্রয়ী ঘর পায়—যেটিকে তারা বাড়ি বলে ডাকতে পারে। আমাদের রাজধানী অঞ্চল এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্বল্পমূল্যের আবাসনের প্রয়োজন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি জরুরি হয়ে উঠেছে — এবং গভর্নর Hochul (হোকল)-এর আবাসন পরিকল্পনা এই চ্যালেঞ্জ মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই ধরনের পাবলিক-প্রাইভেট পার্টনারশিপে বিনিয়োগের মাধ্যমে, আমরা সারাটোগা স্প্রিংস এবং এর বাইরেও কর্মজীবী পরিবারগুলোর জন্য মানসম্মত ও সাশ্রয়ী মূল্যের আবাসন সহজলভ্য করে বাস্তব অগ্রগতি অর্জন করছি। এই প্রচেষ্টাকে এগিয়ে নিতে পেরে আমি গর্বিত এবং আমাদের কমিউনিটিগুলোর জন্য আরো আবাসন সুযোগ সৃষ্টির জন্য আমি সর্বদা কাজ করে যাব।"

স্টেট সিনেটর Jim Tedisco (জিম টেডিসকো) বলেন, "সাশ্রয়ী আবাসন একটি গুরুত্বপূর্ণ সমস্যা, বিশেষ করে তাদের জন্য যারা নির্ধারিত আয়ে নিউ ইয়র্কে বাস করেন। গভর্নর এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের প্রতি আমি কৃতজ্ঞ যারা সারাটোগা স্প্রিংস এবং 44তম সিনেট ডিস্ট্রিক্ট এলাকায় ৭৪টি নতুন সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি করেছেন যা এখানকার বাসিন্দাদের জন্য একটি সাশ্রয়ী বাড়ি খুঁজে পেতে সহায়ক হবে।"

অ্যাসেম্বলিমেম্বার Carrie Woerner (ক্যারি ওয়ার্নার) বলেন, "সারাটোগার হোটেল, রেস্তোরাঁ, স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান এবং সিটির কেন্দ্রস্থলে কর্মরত ব্যক্তিদের জন্য আবাসনের তীব্র সংকট। স্প্রিংস ওয়েস্ট এই সংকট মোকাবেলায় সাহায্য করবে। এই মাইলস্টোন অর্জনের জন্য আমি সারাটোগা হাউজিং অথরিটিকে অভিনন্দন জানাই এবং এর সমাপ্তি দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষায় আছি।"

সারাটোগা স্প্রিংসের মেয়র John Safford (জন সাফোর্ড) বলেন, "সারাটোগা স্প্রিংসে সাশ্রয়ী এবং কর্মজীবী মানুষের জন্য আমরা আবাসনের ব্যবস্থা করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত।"

সারাটোগা স্প্রিংস হাউজিং অথরিটির নির্বাহী পরিচালক Paul Feldman (পল ফেল্ডম্যান) বলেন, "সারাটোগা স্প্রিংস হাউজিং অথরিটি অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছে যে, আমরা গত ছয় বছরে আমাদের চতুর্থ উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করতে চলেছি। এই প্রকল্পটি তৈরি হতে বছরের পর বছর সময় লেগেছে। সারাটোগা অ্যাফোর্ডেবল হাউজিং গ্রুপ (The Saratoga Affordable Housing Group) প্রায় এক দশক আগে অ্যালেন ড্রাইভে সম্পত্তি পুনর্উন্নয়নের উদ্যোগ শুরু করেছিল এবং শেষ পর্যন্ত SSHA এটি সফলভাবে সম্পন্ন করতে পেরেছে। স্প্রিংস ওয়েস্ট অনেক পরিশ্রমী পরিবারকে এমন একটি শহরে থাকার সুযোগ করে দেবে যেখানে তাদের আগে বসবাসের সামর্থ্য ছিল না। আমরা বিকন কমিউনিটিজের এই উন্নয়ন প্রকল্পে অংশগ্রহণ করতে পেরে আনন্দিত এবং নিউ ইয়র্ক স্টেট HCR-এর ট্যাক্স ক্রেডিট প্রদানের জন্য ও Key Bank Development Corporation প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থায়ন সরবরাহের জন্য আমরা আন্তরিকভাবে কৃতজ্ঞ। এই প্রকল্পটি আগামী বছরে সম্পন্ন হওয়ার অপেক্ষায় রয়েছি এবং এটি আমাদের স্থানীয় ব্যবসায়িক কমিউনিটির উপর একটি ইতিবাচক প্রভাব ফেলবে বলে আশা করছি।"

বিকন কমিউনিটিজের CEO Dara Kovel (দারা কোভেল) বলেন, "সারাটোগা স্প্রিংস হাউজিং অথরিটির সঙ্গে একসাথে কাজ করার সুযোগ পেয়ে আমরা আনন্দিত যাতে এই দরকারি টেকসই ও সাশ্রয়ী বাড়িগুলো সারাটোগা স্প্রিংসে নির্মাণ সম্ভব হয়। নিউ ইয়র্ক জুড়ে আবাসন সংকট মোকাবিলায় আমরা গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বের জন্য কৃতজ্ঞ। এই প্রকল্পে HCR-এর সহযোগিতা এবং আমাদের সকল সরকারি ও বেসরকারি অংশীদারদের সহায়তা বাসিন্দাদের এই প্রাণবন্ত কমিউনিটিতে বসবাস এবং অবদান রাখার সুযোগ অব্যাহত রাখবে।"

সারাটোগা কাউন্টি চেম্বার অব কমার্সের সভাপতি Todd Shimkus (টড শিমকাস) বলেন, "এই উন্নয়ন কার্যক্রম শুরু হতে দেখে আমরা খুবই উচ্ছ্বসিত। সারাটোগা স্প্রিংস এবং সারাটোগা কাউন্টির মধ্যে শ্রমিকদের জন্য সাশ্রয়ী আবাসনের চাহিদা পূরণ আমাদের ভবিষ্যতের অর্থনৈতিক সফলতা অর্জনে অত্যন্ত জরুরি। আমাদের চেম্বারের জন্য একটি অগ্রাধিকার হলো স্থানীয় প্রতিষ্ঠান এবং ডেভেলপারদের সাহায্য করা যাতে তারা আমাদের স্থানীয় কমিউনিটিগুলোতে আরো বেশি বসবাসযোগ্য স্থান তৈরি করতে পারে যেখানে আরো মানুষ একত্রে বসবাস ও কাজ করতে পারে।"

গভর্নর হোকলের আবাসন এজেন্ডা

নিউ ইয়র্কের আবাসন সঙ্কটের সমাধান করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও বাসযোগ্য করতে গভর্নর হোকল প্রতিশ্রুতিবদ্ধ। আপস্টেট সম্প্রদায়সমূহের জন্য নতুন কর প্রণোদনা, নিউ ইয়র্ক সিটিতে আরো আবাসন তৈরির জন্য নতুন প্রণোদনা এবং নির্দিষ্ট কিছু স্টেট আরোপিত সীমাবদ্ধতা মওকুফ, স্টেটের মালিকানাধীন সম্পত্তিতে 15,000 পর্যন্ত নতুন বাসা নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল, স্টেটব্যাপী বিভিন্ন ধরণের হাউজিং ডেভেলপমেন্টের জন্য অতিরিক্ত 600 মিলিয়ন মার্কিন ডলার এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষার মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন মজুত বৃদ্ধি করার জন্য অর্থবছর 2025 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে গভর্নর একটি ল্যান্ডমার্ক চুক্তি নিশ্চিত করেন। পাশাপাশি, অর্থবছর 2023 এর পাশ করা বাজেটে গভর্নর একটি পাঁচ বছরের, 25 বিলিয়ন মার্কিন ডলারের হাউজিং প্ল্যান ঘোষণা করেন যা দুর্বল জনগোষ্ঠীর জন্য সাপোর্ট সার্ভিসযুক্ত 10,000 ইউনিটসহ পুরো স্টেটে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করবে, এবং সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বিদ্যুতায়ন করবে। এখন পর্যন্ত 55,000 এর বেশি বাসা তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

এছাড়াও অর্থবছর 2025 এর প্রণীত বাজেট প্রো-হাউজিং সম্প্রদায়ের কর্মসূচিকে বলীয়ান করে যেটি গভর্নর 2023 সালে শুরু করেছিলেন। প্রো হাউজিং সার্টিফিকেশন এখন স্থানীয়দের জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিবেচনামূলক তহবিল অ্যাক্সেস করার জন্য একটি শর্ত। বর্তমানে, সারাটোগা স্প্রিং সিটি সহ প্রায় 300টি কমিউনিটি সনদপ্রাপ্ত হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন